১০০

দৈনিক সংবাদ

তারিখ 28 FEB 1998
পৃষ্ঠা ১২ কলাম ৭

## ইসলামী বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষা ১৮ই এপ্রিল ফরম বিতরণ ১লা মার্চ

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮–৯৯ শিক্ষাবর্ষে অনার্স (সম্মান) প্রথম বর্ষের বিভিন্ন অনুষদে ভর্তি পরীক্ষা পর্যায়ক্রমে শুরু হবে আগামী ১৮ই এপ্রিল থেকে। ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির সঙ্গে সংশ্লিষ্ট একটি দায়িত্বশীল সূত্র এ তথ্য জানায়।

সূত্র জানায়, বিভিন্ন অনুষদে ভর্তির আবেদন ফরম বিক্রি শুরু হবে আগামী ১লা মার্চ থেকে এবং বিতরণ করা হবে ২৪শে মার্চ পর্যন্ত। ২৫শে মার্চ পর্যন্ত ভর্তির আবেদন ফরম জমা নেয়া হবে।

সূত্রটি আরো জানায়, এ বছর বিভিন্ন অনুষদে মোট ৯৯০ জন ছাত্রছাত্রীকে ভর্তি করা হবে। ভর্তির আবেদন ফরমের মূল্য নির্ধারণ করা হয়েছে ৭৫ টাকা। এ বছর ভর্তি পরীক্ষা পদ্ধতির পরিবর্তন করা হয়েছে। ইউনিট পদ্ধতির পরিবর্তে প্রতি বিষয়ের জন্য পৃথক পরীক্ষা পদ্ধতির ব্যবস্থা রাখা হয়েছে।

তবে আগের সংস্কৃতি ও খেলোয়াড় কোটার পাশাপাশি এ বছরও মুক্তিযোদ্ধা কোটা সংযোজন করা হয়েছে।